



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.২১.০০৪.২১.৪১

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮

১২ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: যশোর শিক্ষা বোর্ডের অনলাইন Classroom-এ প্রত্যেক শিক্ষককে প্রতিমাসে কমপক্ষে ০৫(পাঁচ)টি ভিডিও ক্লাস আপলোড করা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে এ বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ-এর প্রধান শিক্ষক/অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অনুমোদিত ৩৩৫৩টি স্কুল-কলেজে প্রায় ১৪ লক্ষাধিক শিক্ষার্থী অধ্যয়নরত। এ সকল শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধসম্পন্ন ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে পাঠদান ও শিক্ষাসংক্রান্ত কার্যাদি পরিচালনায় প্রায় ৫২০০০ শিক্ষক দায়িত্ব পালন করে চলেছেন। বর্তমান শিক্ষাবান্ধব সরকার শিক্ষকদের তথ্যপ্রযুক্তিতে দক্ষ করে তুলতে নানামুখী কর্মসূচি বাস্তবায়ন করে চলেছে। বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে সরাসরি পাঠদান বন্ধ থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে যশোর শিক্ষা বোর্ড অনলাইন Classroom নামে একটি ভিডিও ক্লাসের স্টোরেজ ২০২০ সালে তৈরি করে। গত ২৯ জুন ২০২০ খ্রি. তারিখে যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ভিডিও ক্লাস আপলোড সংক্রান্ত একটি জরুরি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। যশোর শিক্ষা বোর্ডের সকল স্কুল-কলেজে কর্মরত শিক্ষকদের পাঠ্যপুস্তকের আলোকে ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস তৈরি করে যশোর শিক্ষা বোর্ডের অনলাইন Classroom-এ আপলোডের জন্য অনুরোধ করা হয়। যার ফলস্বরূপ ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক শ্রেণিশিক্ষক পাঠ্যপুস্তকের আলোকে অধ্যায় ও শিখনফলভিত্তিক ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস আপলোড করছেন এবং শিক্ষার্থীরা পছন্দমত কনটেন্ট/ভিডিও ক্লাস বারবার দেখার বা ডাউনলোড করার সুযোগ পাচ্ছে বিধায় এই কোভিড-১৯ জনিত সংকট কালেও শিক্ষার্থীরা শিক্ষাসংক্রান্ত প্রয়োজনীয় পাঠ গ্রহণ করে পরীক্ষার প্রস্তুতি নিতে সচেষ্ট রয়েছে। শিক্ষার্থীদের পাঠ গ্রহণের ক্ষেত্র কোভিড-১৯ পরবর্তী কালেও সম্প্রসারিত করার লক্ষ্যে অধিক সংখ্যক ভিডিও ক্লাস আপলোড করা প্রয়োজন। এ উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে ভিডিও ক্লাস আপলোড করার জন্য বিভিন্নভাবে তাগিদ দেয়া হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান অদ্যাবধি যশোর শিক্ষা বোর্ডের অনলাইন Classroom-এ একটিও ভিডিও ক্লাস আপলোড করেনি এবং কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান অল্প সংখ্যক ভিডিও ক্লাস আপলোড করেছে।

এমতাবস্থায়, প্রত্যেক প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে প্রতিমাসে কমপক্ষে ০৫(পাঁচ)টি ভিডিও ক্লাস আপলোড করার জন্য অনুরোধ করা হলো। যশোর শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে ভিডিও ক্লাস আপলোড না করলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি অনুমোদন, বিষয় ও বিভাগ অনুমোদনের জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে না, প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি স্থগিত করা হবে।

১২-৯-২০২১

ড. মোল্লা আমীর হোসেন
চেয়ারম্যান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ৪) সচিব, সংস্থাপন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮) জেলা শিক্ষা অফিসার, খুলনা/যশোর/কুষ্টিয়া/সাতক্ষীরা/ঝিনাইদহ/বাগেরহাট/মেহেরপুর/চুয়াডাঙ্গা/নড়াইল/মাগুরা
- ৯) সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি, এ বোর্ডের আওতাধীন সকল
নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ